অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৪৮ তারিখঃ ২৭-০১-২০২০ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

০১ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩২ ধারা অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ৩১ জানুয়ারি ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০১ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে:

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |
| | | (১০) অন্যান্য যন্ত্রচালিত যানবাহন |

০২। সে সাথে ৩০ জানুয়ারি ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সকাল ০৬:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। মোটরসাইকেল ও বিভিন্ন যানবাহনের উপর উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বি প্রার্থী ও তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন-শৃঙখলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন ও মোটর সাইকেল চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য, ঔষধ, খাদ্য ইত্যাদি দ্রব্যাদি সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় মহাসড়ক ছাড়াও আন্তঃজেলা বা মহাসড়ক থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিল করতে হবে। প্রতিবন্ধী ভোটারদের সহায়তায় নিয়োজিত গাড়ীর ওপর নিষেধাজ্ঞা শিথিল থাকবে। বিদেশ বা দেশের বিভিন্ন স্থানে গমন অথবা বিদেশ বা দেশের বিভিন্ন স্থান হতে আগত যাত্রীদের বিমান/নৌ বন্দর বা বাস স্টেশন/টার্মিনালে যাওয়ার জন্য অথবা উক্তরূপ বন্দর, স্টেশন বা স্থান হতে বাসস্থানে যাওয়ার জন্য এবং অনুরূপ গুরুত্বপূর্ণ কাজে চলাচলের জন্য নিয়োজিত (টিকেট,পাসপোর্ট বা অনুরূপ উপযুক্ত কাগজপত্র/প্রমাণাদি থাকা সাপেক্ষে) যানবাহন ক্ষেত্রবিশেষ মোটর সাইকেল চলাচলে উল্লিখিত নিষেধাজ্ঞা আওতামুক্ত থাকবে।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

27/1/2020
(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৪৮/১(৫৫) তারিখঃ ২৭-০১-২০২০ খ্রিস্টাব্দ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, ............................................( সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৫. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা
০৬. সচিব ............................................(সকল) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৭. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (এর সাথে তাঁর ২৬-০১-২০২০ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৯-৪৯ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)
০৮. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা
০৯. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা (এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ
১২. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা
১৩. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ............................................................... (সংশ্লিষ্ট)
১৪. উপ-মহাপুলিশ পরিদর্শক, ......................................................................(সংশ্লিষ্ট)
১৫. জেলা প্রশাসক, .........................................................................(সংশ্লিষ্ট)
১৬. পুলিশ সুপার, ....................................................................... (সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...........................................................(সংশ্লিষ্ট)
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০(তিনশত) কপি জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)**
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .................................(সংশ্লিষ্ট)
২১. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ................................................(সংশ্লিষ্ট)
২৩. জেলা তথ্য অফিসার, ..............................................................(সংশ্লিষ্ট)
২৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**